

তারিখ AUG. 27 1999
পৃষ্ঠা ৭ ... কলাম ... ৩ ...

**বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের
শিক্ষকদের জাতব্য**

বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এর শিক্ষক ও কর্মচারীদের আগষ্ট মাসের বেতন-ভাতার সরকারী অংশের টাকার চেক গত বুধবার অনুদান বন্টনকারী জনতা, অগ্রণী, রূপালী ও সোনালী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হইয়াছে। আগামী ৯ই সেপ্টেম্বরের মধ্যে প্রতিষ্ঠান কর্তৃক পেশকৃত বিলের (সভাপতির প্রতিনিধিত্বিত) মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষক ও কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট জ্যোড়িতকরণের বিষয়ও নিশ্চিত করিতে হইবে। যাহাতে শিক্ষক-কর্মচারীগণ ব্যক্তিগত ব্যাংক একাউন্ট হইতে যেকোন সময়ে তাহাদের টাকা উত্তোলন করিতে পারেন। কোন কারণে যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক ও কর্মচারীরা চলতি বছরের পূর্ববর্তী (জুন/৯৯ ও জুলাই/৯৯) মাসের টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করিতে পারেন নাই তাহারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে ইতিপূর্বেকার টাকা উত্তোলন করিতে পারিবেন।—তথ্য বিবরণী